

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি
ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন (ডিপিএড) বোর্ড
ময়মনসিংহ

www.nape.gov.bd

স্মারক নং- ৩৮.৪১৮.০০.০০.০০৪.২০১০.০১

তারিখ: ২০ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ।
০৪ জানুয়ারি, ২০২১ খ্রি:।


বিষয়: ২০২০-২০২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের শ্রেণি কার্যক্রম পরিচালনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, ডিপিএড ২০২০-২০২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থীগণ ০১ জানুয়ারি হতে ৩০ জুন ২০২১ খ্রি: তারিখ পর্যন্ত ৪র্থ টার্মের কার্যক্রম (ইন্টার্মশীপ) করার লক্ষ্যে নিজ বিদ্যালয়ে গমন করেছেন। উক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীগণ কোভিড-১৯ জনিত কারণে বিদ্যালয়সমূহ বন্ধ থাকায় বই বিতরণসহ প্রশিক্ষণের বিভিন্ন কার্যক্রমে অংশগ্রহণপূর্বক নির্ধারিত সময়ে চূড়ান্ত পরীক্ষায় অংশগ্রহণ করবেন।

০২। কোভিড-১৯ জনিত বিশেষ পরিস্থিতিতে বিদ্যালয়ের শ্রেণি কার্যক্রম শুরু না হলে মোবাইল ফোনে বেজলাইন সার্ভে, সিমুলেশন ক্লাশ, পাঠ পরিকল্পনা তৈরি, লগবই সংরক্ষণ, রেডিও এবং সংসদ টিভিতে প্রচারিত ক্লাস পর্যবেক্ষণপূর্বক রিফ্লেক্টিভ জার্নাল লেখা, গাইড ইন্সট্রাক্টরদের সাথে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষাসহ ৪র্থ টার্মের সকল কার্যক্রম পরিচালনা করবেন।

০৩। যে সকল পিটিআই ৩য় টার্ম পর্যন্ত বিভিন্ন বিষয়ের সিলেবাস অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করতে পারেনি সে সকল পিটিআই উক্ত শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের অনলাইনে সংযুক্ত করে শিখন ঘাটতি পূরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। এ লক্ষ্যে আগামী ১৫ দিনের মধ্যে নির্ধারিত সিলেবাস সম্পন্ন করে শিক্ষার্থীদের চূড়ান্ত লিখিত পরীক্ষায় অংশগ্রহণের প্রস্তুতি গ্রহণ করার নির্দেশনা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

০৪। ডিপিএড ২০২০-২০২১ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের ৩য় টার্ম পর্যন্ত নির্ধারিত সিলেবাস সম্পন্ন করে আগামী ২০ জানুয়ারি, ২০২১ তারিখের মধ্যে প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।


০৪.০১.২০২১
(এ কে এম মনিরুল হাসান)
উপপরিচালক (মূল্যায়ন)
ফোন: ০৯১-৬৫৭৯৫

সুপারিনটেনডেন্ট (সকল)


..... পিটিআই

স্মারক নং- ৩৮.৪১৮.০০.০০.০০৪.২০১০.০১

তারিখ: ২০ পৌষ, ১৪২৭ বঙ্গাব্দ।
৪ জানুয়ারি, ২০২০ খ্রি:।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬
৩. পরিচালক (প্রশাসন/প্রশিক্ষণ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৪. উপপরিচালক (পাঠ্যক্রম ও গবেষণা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা-১২১৬।
৫. উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৬. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)।
৭. পরীক্ষা নিয়ন্ত্রক, ডিপিএড বোর্ড, নেপ, ময়মনসিংহ।
৮. সংরক্ষণ নথি।


০৪.০১.২০২১
(এ কে এম মনিরুল হাসান)
উপপরিচালক (মূল্যায়ন)